দৈনিক ইত্তেফাক

46

তারিখ ... ... ... DEC. 16 1993
পৃষ্ঠা ... 2 ... কলাম ... 8 ....

# জনপ্রশাসন সংস্কার কমিশনের ৩টি সুপারিশ গৃহীত

ইউএনবি ॥ বিগত সাড়ে তিন বছরে জনপ্রশাসন সংস্কার কমিশনের প্রণীত মোট ২৭টি সুপারিশের মধ্যে এই পর্যন্ত মাত্র তিনটি সুপারিশ সরকার গ্রহণ করিয়াছে ও বাস্তবায়নের জন্য পদক্ষেপ নেওয়া হইয়াছে। অবশিষ্ট সুপারিশগুলি সরকারের বিবেচনার জন্য পর্যায়ক্রমে মন্ত্রিসভা বৈঠকে পেশ করা হইবে। জনপ্রশাসন সংস্কার কমিশনের চেয়ারম্যান এটিএম শামসুল হক গতকাল (বুধবার) এফবিসিসিআই কর্মকর্তাদের সহিত মতবিনিময়কালে একথা বলেন।

এফবিসিসিআই প্রেসিডেন্ট আবদুল আউয়াল মিন্টু মতবিনিময়কালে বলেন, সংস্কার কমিশনের সুপারিশগুলির বাস্তবায়ন পরিস্থিতি হতাশাজনক। জবাবে এটিএম শামসুল হক বলেন, প্রশাসনিক সংস্কারের কাজ রাতারাতি সম্পন্ন করা সম্ভব নয়। মার্কিন যুক্তরাষ্ট্র ও যুক্তরাজ্যেও দ্রুত সংস্কার করা যায় নাই। সংস্কার একটি ধারাবাহিক প্রক্রিয়া। এইজন্য একটি স্থায়ী প্রতিষ্ঠান প্রয়োজন।